# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭০৯]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৫: কোন ভাল জিনিসের সুসংবাদ ও তার জন্য মুবারকবাদ জানানো মুস্তাহাব

بَابُ اِسْتِحْبَابِ التَّبْشِيْرِ وَالتَّهْنِئَةِ بِالْخَيْرِ ـ (95)

আরবী

وَعَن أَبي مُوسَى الأَشعَرِي رضي الله عنه: أَنَّهُ تَوَضَّأَ فِي بَيْتِهِ، ثُمَّ خَرَجَ، فَقَالَ: لأَلْزَمَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، وَلأَكُونَنَّ مَعَهُ يَوْمِي هَذَا، فَجَاءَ الْمَسْجِدَ، فَسَأَلَ عَنِ النَّبيِّ صلى الله عليه وسلم، فَقَالُوا وجَّهَ هاهُنَا، قَالَ: فَخَرَجْتُ عَلَى أَثَرِهِ أَسْأَلُ عَنْهُ، حَتَّى دَخَلَ بِئْرَ أَرِيسٍ، فَجَلَسْتُ عِندَ البَابِ حتَّى قَضَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم حَاجَتَهُ وَتَوَضَّأَ، فَقُمتُ إليهِ، فَإِذَا هُوَ قَد جَلَسَ عَلَى بِئرِ أَرِيسٍ وَتَوَسَّطَ قُفَّهَا، وَكشَفَ عَنْ سَاقَيهِ وَدَلاَّهُما في الْبِئرِ، فَسَلَّمتُ عَلَيهِ ثمَّ انصَرَفتُ، فَجَلَستُ عِندَ البَابِ، فَقُلْتُ: لأَكُونَنَّ بَوَّابَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم الْيَوْمَ، فَجَاءَ أَبُو بَكْرٍ رضي الله عنه فَدَفَعَ الْبَابَ، فَقُلتُ: مَنْ هَذَا ؟ فَقَالَ: أَبُو بَكْرٍ، فَقُلتُ: عَلَى رِسْلِكَ، ثُمَّ ذَهبْتُ، فَقُلتُ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، هَذَا أَبُو بَكْرٍ يَستَأْذِنُ، فَقَالَ: « ائْذَنْ لَهُ وَبَشِّرْهُ بِالْجَنَّةِ». فَأَقبَلْتُ حَتَّى قُلْتُ لأَبِي بَكْرٍ: أُدْخُلْ وَرَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يُبَشِّرُكَ بِالجَنَّةِ، فَدَخَلَ أَبُو بَكرٍ حَتَّى جَلَسَ عَنْ يَمِينِ النِّبيِّ صلى الله عليه وسلم مَعَهُ في القُفِّ، وَدَلَّى رِجْلَيْهِ في البِئْرِ كَمَا صَنَعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، وَكَشَفَ عَنْ سَاقَيْهِ، ثُمَّ رَجَعْتُ وَجَلَسْتُ، وَقَدْ تَركْتُ أَخِي يَتَوَضَّأُ وَيَلْحَقُنِي، فَقُلتُ: إنْ يُرِدِ اللهُ بِفُلانٍ ـ يُرِيدُ أَخَاهُـ خَيْراً يَأتِ بِهِ . فَإِذَا إنْسَانٌ يُحرّكُ الْبَابَ، فَقُلتُ: مَنْ هَذَا ؟ فَقَالَ: عُمَرُ بنُ الخَطّابِ، فَقُلتُ: عَلَى رِسلِكَ، ثُمَّ جِئْتُ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، فَسَلَّمْتُ عَلَيْهِ وَقُلْتُ: هَذَا عُمَرُ يَسْتَأْذِنُ ؟ فَقَالَ: «اِئْذَنْ لَهُ وَبَشِّرْهُ بِالجَنَّةِ » فَجِئْتُ عُمَرَ، فَقُلتُ: أَذِنَ وَيُبَشِّرُكَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بِالجَنَّةِ، فَدَخَلَ

فَجَلَسَ مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي القُفِّ عَنْ يَسَارِهِ وَدَلَّى رِجْلَيْهِ في البِئر، ثُمَّ رَجَعْتُ فَجَلَسْتُ، فَقُلتُ: إنْ يُرِدِ اللهُ بِفُلاَنٍ خَيْراً ـ يَعْنِي أخَاهُـ يَأْتِ بِهِ، فَجَاءَ إنْسَانٌ فَحَرَّكَ الْبَابَ . فَقُلتُ: مَنْ هَذَا ؟ فَقَالَ: عُثْمَانُ بنُ عَفَّانَ . فَقُلتُ: عَلَى رِسْلِكَ، وجِئْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فأخْبَرْتُهُ، فَقَالَ: «اِئْذَنْ لَهُ وَبَشِّرْهُ بِالجَنَّةِ مَعَ بَلْوَى تُصِيبُهُ» فَجِئْتُ، فَقُلتُ: أُدْخُلْ وَيُبَشِّرُكَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بِالجَنَّةِ مَعَ بَلْوَى تُصيبُكَ، فَدَخَلَ فَوجَدَ الْقُفَّ قَدْ مُلِئَ، فَجَلَسَ وِجَاهَهُمْ مِنَ الشِّقِّ الآخَرِ . قَالَ سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ: فَأوَّلْتُهَا قُبُورَهُمْ . متفقٌ عَلَيْهِ.
وَزَادَ في رِوَايَةٍ: وَأَمَرَنِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بِحِفظِ البَابِ. وَفِيهَا: أنَّ عُثْمانَ حِيْنَ بَشَّرَهُ حَمِدَ اللهَ تَعَالَى، ثُمَّ قَالَ: اللهُ المُسْتَعانُ .

বাংলা

২/৭১৪। আবূ মূসা আশ’আরী রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত তিনি নিজ বাড়িতে ওযূ করে বাইরে গেলেন। এবং তিনি (মনে মনে) বললেন যে, ’আজ আমি অবশ্যই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহচর্যে থাকব।’ সুতরাং তিনি মসজিদে গিয়ে আল্লাহর রাসূল রাদিয়াল্লাহু ’আনহু সম্পর্কে জিজ্ঞাসাবাদ করলেন। সাহাবীগণ উত্তর দিলেন যে, ’তিনি এই দিকে গমন করেছেন।’ আবূ মূসা রাদিয়াল্লাহু ’আনহু বলেন, আমি তাঁর পশ্চাতে চলতে থাকলাম এবং তাঁর সম্বন্ধে জিজ্ঞাসা করতে থাকলাম। শেষ পর্যন্ত তিনি ’আরীস’ কুয়ার (সন্নিকটবর্তী একটি বাগানে) প্রবেশ করলেন। আমি (বাগানের) প্রবেশ দ্বারের পাশে বসে থাকলাম। শেষ পর্যন্ত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পেশাব-পায়খানা সমাধা করে ওযূ করলেন। অতঃপর আমি উঠে তাঁর দিকে অগ্রসর হলাম। দেখলাম, তিনি ’আরীস’ কুয়ার পাড়ের মাঝখানে পায়ের নলা খুলে পা দুটো তাতে ঝুলিয়ে বসে আছেন।

আমি তাঁকে সালাম দিয়ে আবার ফিরে এসে প্রবেশ-পথে বসে রইলাম। আর মনে মনে বললাম যে, ’আজ আমি অবশ্যই আল্লাহর রাসূলের দ্বার রক্ষক হব।’ সুতরাং আবূ বকর রাদিয়াল্লাহু ’আনহু এসে দরজায় ধাক্কা দিলেন। আমি জিজ্ঞাসা করলাম, ’আপনি কে?’ তিনি উত্তরে বললেন, ’আবূ বকর।’ আমি বললাম, ’একটু থামুন।’ তারপর আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গিয়ে নিবেদন করলাম, ’হে আল্লাহ রাসূল! উনি আবূ বকর, প্রবেশ করার অনুমতি চাচ্ছেন।’ তিনি বললেন, ’’ওকে অনুমতি দাও। আর তার সাথে জান্নাতের সুসংবাদ জানিয়ে দাও।’’ সুতরাং আমি আবূ বকর রাদিয়াল্লাহু ’আনহু-এর নিকট এসে বললাম, ’প্রবেশ করুন। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনাকে জান্নাতের সুসংবাদ জানাচ্ছেন।’ আবূ বকর প্রবেশ করলেন এবং কুয়ার পাড়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ডান দিকে পায়ের নলার কাপড় তুলে পা দুখানি কুয়াতে ঝুলিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মত বসে পড়লেন।

আমি পুনরায় দ্বার প্রান্তে ফিরে এসে বসে গেলাম। আমি মনে মনে বললাম, আমার ভাইকে ওযূ করা অবস্থায় ছেড়ে এসেছি; (ওযূর পরে) সে আমার পশ্চাতে আসবে। আল্লাহ যদি তার জন্য কল্যাণ চান, তাহলে তাকে (এখানে) আনবেন। হঠাৎ একটি লোক এসে দরজা নড়াল। আমি জিজ্ঞাসা করলাম, 'কে?' সে বলল, 'উমার ইবন খাত্তাব।' আমি বললাম, 'একটু থামুন।' অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে নিবেদন করলাম যে, 'উনি উমার। প্রবেশ অনুমতি চাচ্ছেন।' তিনি বললেন, ''ওকে অনুমতি দাও এবং ওকেও জান্নাতের সুসংবাদ জানাও।'' সুতরাং আমি উমারের নিকট এসে বললাম, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনাকে প্রবেশ অনুমতি দিচ্ছেন এবং জান্নাতের শুভ সংবাদও জানাচ্ছেন।' সুতরাং তিনি ভিতরে প্রবেশ করলেন এবং কুয়ার পাড়ে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাম পাশে কুয়ায় পা ঝুলিয়ে বসে পড়লেন।

আমি আবার সেখানে ফিরে এসে বসে পড়লাম। আর মনে মনে বলতে থাকলাম, আল্লাহ যদি আমার ভাইয়ের মঙ্গল চান, তাহলে অবশ্যই তাকে নিয়ে আসবেন। (ইত্যবসরে) হঠাৎ একটি লোক দরজা নড়াল। আমি জিজ্ঞাসা করলাম, 'আপনি কে?' সে বলল, 'আমি উসমান ইবনে আফ্ফান।' আমি বললাম, 'একটু থামুন।' তারপর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে তাঁর সম্পর্কে অবহিত করলাম। তিনি বললেন, ''ওকে অনুমতি দাও। আর জান্নাতের সুসংবাদ জানাও। তবে ওর জীবনে বিপর্যয় আছে।'' আমি ফিরে এসে তাঁকে বললাম, 'প্রবেশ করুন। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনাকে জান্নাতের সুসংবাদ জানাচ্ছেন। তবে আপনার বিপর্যয় আছে।' সুতরাং তিনি সেখানে প্রবেশ করে দেখলেন যে, কুয়ার এক পাড় পূর্ণ হয়েছে ফলে তিনি তাঁদের সামনের অপর পাড়ে গিয়ে বসে গেলেন।

সাঈদ ইবনে মুসাইয়েব বলেন যে, 'এ ঘটনা দ্বারা আমি বুঝেছি যে, তাঁদের তিনজনের সমাধি একই স্থানে হবে। (আর উসমানের সমাধি অন্য জায়গায় হবে।)' (বুখারী-মুসলিম)

এক বর্ণনায় এ সব শব্দাবলী বাড়তিভাবে এসেছে যে, (আবূ মূসা বলেন,) 'আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দ্বার রক্ষার নির্দেশ দিলেন।' আর তাতে এ কথাও আছে যে, যখন তিনি উসমান রাদিয়াল্লাহু 'আনহু-কে সুসংবাদ (ও বিপর্যয়ের কথা) জানালেন, তখন তিনি 'আলহামদু লিল্লাহ' পড়লেন এবং বললেন, 'আল্লাহুল মুস্তা'আন।' অর্থাৎ আল্লাহই সাহায্যস্থল। (বুখারী-মুসলিম)

## English

(95) Chapter: Excellence of Conveying Glad Tidings and Congratulations

Abu Musa Al-Ash'ari (May Allah be pleased with him) reported:
One day, I performed my Wudu' in my house and then set forth with the determination that I would stick to Messenger of Allah (ﷺ) and spend the whole day with him. I came to the mosque and asked about him. The Companions told that he (ﷺ) had gone in a certain direction. Abu Musa added: I followed him inquiring until I came to Bi'r Aris (a well in the suburb

of Al-Madinah). (There) I sat down at the door till he (ﷺ) had relieved himself and performed Wudu'. Then I went to him and saw him sitting on the platform of the well with his shanks uncovered and his legs dangling in the well. I greeted him and returned to the door of the garden, saying to myself, "I will be the doorkeeper of the Messenger of Allah today." Abu Bakr (May Allah be pleased with him) came and knocked at the door. I said; "Who is that?" He said: "Abu Bakr." I said, "Wait a moment." Then I went to the Messenger of Allah (ﷺ) and said, "O Messenger of Allah! Abu Bakr is at the door seeking permission to enter." He said, "Admit him and give him the glad tidings of Jannah." I returned and said to Abu Bakr (May Allah be pleased with him): "You may enter and Messenger of Allah (ﷺ) has given you the glad tidings of (entering) Jannah." Abu Bakr (May Allah be pleased with him) came in and sat down on the right side of Messenger of Allah (ﷺ) and suspended his legs into the well and uncovered his shanks, as the Messenger of Allah had done. I returned to the door and sat down. I had left my brother at home while he was performing Wudu' and intending to join me. I said to myself: "If Allah intends good for him (i.e., to be blessed to come at this time and receive the glad tidings of entering Jannah), He will bring him here." Someone knocked at the door and I said, "Who is it?" He said, "Umar bin Al-Khattab." I said, "Wait a moment." Then I proceeded towards Messenger of Allah (ﷺ). I greeted him and said, "Umar is at the door, seeking permission to enter. He said, "Let him in and give him the glad tidings of entering Jannah." I went back to 'Umar (May Allah be pleased with him) and said to him, "Messenger of Allah has given you permission as well as glad tidings of entering Jannah." He entered and sat down with Messenger of Allah (ﷺ) on his left side and dangled his feet into the well. I returned to the door and sat down and said to myself: "If Allah intends good for my brother, He will bring him here." Someone knocked at the door and I said, "Who is it?" He said, "Uthman bin 'Affan." I said, "Wait a moment." I went to Messenger of Allah (ﷺ) and informed him about his arrival. He said, "Let him in and give him glad tidings of entering Jannah together with a tribulation which he will have to face." I came back to him and said, "You may enter; and Messenger of Allah (ﷺ) gives you the glad tidings of entering Jannah together with a tribulation that will afflict you." He got in and saw that the elevated platform round the well was fully occupied. So he sat on opposite side. Sa'id bin Al- Musaiyab (May Allah be pleased with him) a subnarrator has reported: The order in which they sat down indicated the places of their burial.

[Al-Bukhari and Muslim].

Another narration adds: Abu Musa Al-Ash'ari (May Allah be pleased with him) said: The Prophet (ﷺ) ordered me to guard the door. When 'Uthman was told (about the misfortune) he praised Allah then said: "Allahu Musta'an (His help is to be sought)."

(The interpretation of Sa'id bin Al-Musaiyab is that the graves of Abu Bakr and 'Umar (May Allah be pleased with them) are by the side of the Prophet (ﷺ), in the same position they took when they sat next to the Prophet (ﷺ) while the grave of 'Uthman is away from their graves, in the public graveyard of Al-Madinah known as Baqi' Al-Gharqad).

Commentary: This Hadith brings four points under our consideration. First, in certain cases, a glad tiding is given about the future life. Second, the Prophet (PBUH) himself gave the good news to the first three Rightly-Guided Khulafa' (caliphs) that they would go to Jannah. Now only an inborn wretch can doubt their Faith. Third, the riot foretold by the Prophet (PBUH) with regard to `Uthman (May Allah be pleased with him) took place in the concluding days of his caliphate. Influenced by the wicked and baseless propaganda of a Jew, `Abdullah bin Saba', a splinter group blockaded `Uthman's house and finally put him to death. The incident reveals the Prophet's truthfulness. Fourth, things are also interpreted while one is awake, and the power of intuition is of course the basisof such a state. Yet, a vision is not necessarily commensurate with the external reality in all cases. However, the first two caliphs, as envisioned by Abu Musa Al-Ash`ari (May Allah be pleased with him), are eternally resting, along with the Prophet (PBUH), in `Aishah's room, while `Uthman (May Allah be pleased with him) is buried in the AlMadinan graveyard of Baqi` Al-Gharqad.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন